

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুপারিনটেনডেন্ট এর কার্যালয়  
কমলাপুর পিটিআই, চুয়াডাঙ্গা।  
Website: pttc.chuadanga.gov.bd

স্মারক নং- পিটিআই, চুয়া/ ৭৪,

তারিখ: ১৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ  
০৩ নভেম্বর ২০১৯ সাল

বিষয়: জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ও১ দফা নির্দেশনার বিষয় (অত্র অফিস সংশ্লিষ্ট) বাস্তবায়ন পূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়ের দপ্তর স্মারক নং-০৫.৪৪.১৮০০.১০২.০৬.২০১৯-৭৫৭; তারিখ: ২৪ অক্টোবর ২০১৯।

কমলাপুর পিটিআই, চুয়াডাঙ্গা কর্তৃক নির্দেশনা বাস্তবায়ন কর্মসূচি নিম্নরূপ:

১। ২০২০ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্য

- \* ১ জানুয়ারি ২০২০ বই বিতরণ অনুষ্ঠান।
- \* ৮ সেপ্টেম্বর ২০২০ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস যথাযথ মর্যাদায় উদযাপন।
- \* এপ্রিল ২০২০ মাসে জাতীয় প্রাথমিক শিক্ষাসপ্তাহ পালন।
- \* পরীক্ষণ বিদ্যালয়ে ‘বঙ্গবন্ধু বুক কর্ণার’ কার্যকর করা হবে।
- \* পরীক্ষণ বিদ্যালয়ে চিত্রাঞ্জন প্রতিযোগিতা করা হবে।
- \* ৩য় ও ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীর বাংলা পঠনদক্ষতা শতভাগ উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।
- \* পরীক্ষণ বিদ্যালয়ে স্কুল ফিডিং প্রোগ্রামকে শতভাগে উন্নীত করা হবে।
- \* পরীক্ষণ বিদ্যালয়ে শিশুদের মাঝে ৭ মার্চের ঐতিহাসিক ভাষণসহ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ের উপর রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে।

২। পিটিআই এর ডিপিএড শিক্ষার্থী শিক্ষকরা কীভাবে শিশু জরিপ, শিশুভর্তি, টিকা, কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো, জন্মনিবন্ধন ও উপর্যুক্ত গ্রহণ ইত্যাদি বিষয়ে জনসেবা করতে পারে সে সম্পর্কে উদ্ব�ৃক্ত করা।

৩। জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও সাম্প্রদায়িকতার কুফল সম্পর্কে কীভাবে শিশু-শিক্ষার্থীদের অবহিত করা যায় সে সম্পর্কে ডিপিএড শিক্ষার্থীদের নিয়ে পর্যালোচনা অনুষ্ঠান করা।

৪। ডিপিএড শিক্ষার্থীরা বিদ্যালয় পর্যায়ে কীভাবে শিশু-শিক্ষার্থীদের মাঝে নেশা/মাদকের ভয়াবহতা সম্পর্কে ধারণা দিবেন সে বিষয়ে আলোচনা করা।

৫। পিটিআই এর ডিপিএড শিক্ষার্থী ও পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিতভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে শিখনের কার্যক্রম চলমান রাখা। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ১২ দিন ব্যাপী ICT in Education বিষয়ক খন্দকালীন প্রশিক্ষণ প্রদান। মাননীয় প্রধান মন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০২১ সালের মধ্যে ৯ লক্ষ শিক্ষককে শিক্ষক বাতায়নের সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ কার্যক্রম চলমান রাখা।

৬। বিদ্যালয় পর্যায়ে অভিভাবক/মা সমাবেশে কীভাবে নারীশিক্ষার হার বৃদ্ধি, শিক্ষার্থীদের বিদ্যালয় ত্যাগের হার হাস এবং ঘরেপড়া শিক্ষার্থীদের কীভাবে মূলধারায় ফিরিয়ে আনা যায় সে বিষয়ে ডিপিএড শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভা করা।

৭। নারী ও শিশু নির্যাতন এবং পাচার, যৌতুক, ইভিটিজিং এবং বাল্যবিবাহের কুফল সম্পর্কে ডিপিএড শিক্ষার্থীদের নিয়ে আলোচনা সভা করা।

৮। বিদ্যালয় পর্যায়ে শিশু কিশোরদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা, সাংস্কৃতিক ও বিজ্ঞানমনস্কতা জাগিয়ে তোলা বিষয়ে ডিপিএড শিক্ষার্থীদের সাথে আলোচনা অনুষ্ঠান করা।

৯। শিশু-কিশোরদের পুষ্টিচাহিদা পূরণের বিষয়ে মতবিনিময় করা।

১০। শিশুর শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে শিক্ষা, ক্রীড়া, বিনোদন ও সৃজনশীল সাংস্কৃতিক কর্মকালের সুযোগ কীভাবে বিদ্যালয় পর্যায়ে নিশ্চিত করা যায় সে সম্পর্কে ডিপিএড শিক্ষার্থীদের সাথে আলোচনা করা।

(মোল্যা শহীদুজ্জামান)  
সুপারিনটেনডেন্ট

কমলাপুর পিটিআই, চুয়াডাঙ্গা।  
ফোন-০৭৬১৬৪২৫৫  
ptikamla@gmail.com

জেলা প্রশাসক  
চুয়াডাঙ্গা।